

2019/TDC/ODD/SEM/
BNGAEC-101T/054

TDC (CBCS) Odd Semester Exam., 2019

BENGALI

(1st Semester)

Course No. : BNGAEC-101T

(সংযোগের রূপ, রীতি ও প্রয়োগ)

(For Arts, Science, Commerce—Hons.
and Pass Course)

পূর্ণমান : ৫০

উত্তীর্ণমান : ২০

সময় : ৩ ঘণ্টা

পাশ্বর্ষ সংখ্যা পূর্ণমান নির্দেশক

UNIT—I

১। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) : ১×৩=৩

(ক) ক্রিকেট খেলার মাঠে আমপায়ারের অঙ্গুলি
সংকেতকে verbal communication/
non-verbal communication বলে।

(শুদ্ধ উত্তরটি লেখো)

20J/1087

(Turn Over)

(খ) সংযোগের ইংরেজি প্রতিশব্দ লেখো।

(গ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(১) Dialogue

(২) Interview

(ঘ) একসঙ্গে কয়েকজন প্রার্থীর সঙ্গে কথা বলা কোন্ ধরনের সাক্ষাৎকারের লক্ষণ ?

২। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) সংযোগের সংজ্ঞা লেখো।

(খ) সাক্ষাৎকার কেন নেওয়া হয় ?

৩। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) দলগত সংলাপের পদ্ধতিসমূহ সংক্ষেপে আলোচনা করো।

(খ) লেখ্য সংযোগের সুবিধা ও অসুবিধাসমূহ আলোচনা করো।

UNIT—II

৪। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

১×৩=৩

(ক) সংবাদপত্রের ছবি বা কার্টুনের শিরোনাম, টীকা বা বর্ণনাকে কী বলে?

(খ) 'আর্কাইভস' কী ?

(3)

(গ) বাংলা পরিভাষা লেখো (যে কোনো একটি) :

(১) Document

(২) Radio

(ঘ) কোন্ ধরনের প্রতিবেদনে শিরোনাম, প্রতিবেদকের নাম ও স্থানের নাম উল্লেখ বাঞ্ছনীয় ?

৫। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

(ক) চলতি নথির সংজ্ঞা লেখো।

(খ) সম্পাদকীয় প্রতিবেদন বলতে কী বোঝ ?

৬। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

(ক) প্রতিবেদনের শ্রেণিবিভাগ আলোচনা করো।

(খ) নিম্নলিখিত অনুচ্ছেদটির সারসংক্ষেপ প্রস্তুত করো :

বর্তমান যুগের চিন্তের জ্যোতি পশ্চিম দিগন্ত থেকে বিচ্ছুরিত হয়ে মানব-ইতিহাসের সমস্ত আকাশ জুড়ে উদ্ভাসিত, দেখা যাক তার স্বরূপটা কী। একটা প্রবল উদ্যমের বেগে যুরোপের মন ছড়িয়ে পড়েছে সমস্ত পৃথিবীতে—শুধু তাই নয়, সমস্ত জগতে। যেখানেই সে পা বাড়িয়েছে সেইখানটাই সে অধিকার করেছে। কীসের জোরে? সত্য সন্ধানের সততায়। বুদ্ধির আলস্যে, কল্পনার কুহকে, আপাত প্রতীয়মান সাদৃশ্যে,

(4)

প্রাচীন-পাণ্ডিত্যের অঙ্ক অনুবর্তনায় সে আপনাকে ভোলাতে চায়নি; মানুষের স্বাভাবিক প্রবৃত্তি যা বিশ্বাস ক'রে নিশ্চিত থাকতে চায় তার প্রলোভনকেও সে নির্মমভাবে দমন করেছে। নিজের সহজ ইচ্ছার সঙ্গে সংগত ক'রে সত্যকে সে যাচাই করেনি। প্রতিদিন জয় করেছে সে জ্ঞানের জগৎকে; কেননা তার বুদ্ধির সাধনা বিশুদ্ধ, ব্যক্তিগত মোহ থেকে নিমুক্ত।

UNIT—III

৭। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

১×৩=৩

(ক) মাইকেল মধুসূদন দত্তের জন্ম কোথায় হয়েছিল ?

(খ) 'বীরঙ্গনা কাব্য' মধুসূদন কাকে উৎসর্গ করেছেন ?

(গ) জনার স্বামীর নাম কী ?

(ঘ) শূর্ণখার ভাই কে ছিলেন ?

৮। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

২

(ক) “সাজিছ কি, নররাজ, যুঝিতে সদলে—”

কে, কাকে উদ্দেশ্য করে কথাটি বলেছে ?

(খ) সোমদেব কে ? সোমদেবের গুরুর নাম কী ?

(5)

৯। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫

(ক) 'নীলম্বজের প্রতি জনা' পত্রকবিতায় প্রতিফলিত 'ড্রামাটিক মনোলগ' ধর্মীতার পরিচয় দাও।

(খ) 'সোমের প্রতি তারা' পত্রকবিতার মর্মার্থ বিশ্লেষণ করো।

UNIT—IV

১০। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

১×৩=৩

(ক) রবীন্দ্রনাথ ঠাকুর কত বঙ্গভ্বে জন্মগ্রহণ করেন ?

(খ) রবীন্দ্রনাথ ঠাকুর রচিত একটি ছোটগল্প সংকলনের নাম লেখো।

(গ) মাখনলালের বড় ভাইয়ের নাম কী ?

(ঘ) "টাকা হাতে না পাইলে বর সভাছ করা যাইবে না।" কার উক্তি ?

১১। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

২

(ক) "ছিঃ মা, এমন কথা বলতে নেই। আর এ টাকাটা যদি আমি না দিতে পারি তা হলে তোর বাপের অপমান আর তোরও অপমান।" কে, কাকে একথা বলেছে ?

(খ) “আচ্ছা গো, তখন দেখিব কোথায় বা তোমার কাজ থাকে, কোথা বা আমি থাকি, আর কোথায় বা তুমি থাক।”

বক্তা কে? বক্তা কোন্ প্রসঙ্গে একথা বলেছে?

১২। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫

(ক) ‘দেনা পাওনা’ গল্পে পণপ্রথার যে বিষময় পরিণতি তুলে ধরা হয়েছে তা নিজের ভাষায় আলোচনা করো।

(খ) ‘মধ্যবর্তিনী’ গল্পের নিবারণ চরিত্রটি চিত্রিত করো।

UNIT—V

১৩। অতি সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো তিনটি) :

১×৩=৩

(ক) বারুণী মেলা কোথায় অনুষ্ঠিত হয়?

(খ) বরাক উপত্যকায় চা বাগানে অনুষ্ঠিত একটি লোক-পার্বণের নাম লেখো।

(গ) ‘নবান্ন’ উৎসব অনুষ্ঠিত হয়

(১) বসন্ত ঋতুতে

(২) হেমন্ত ঋতুতে (শুদ্ধ উত্তরটি লেখো)

(ঘ) নিম্নোক্ত কোনটি বরাক উপত্যকায় গবাদি পশুর মঙ্গল কামনায় উদযাপিত লোক-উৎসব?

(১) গাজন

(২) আইমঙ্গল (শুদ্ধ উত্তরটি লেখো)

(7)

১৪। সংক্ষিপ্ত উত্তর দাও (যে কোনো একটি) :

২

(ক) বরাক উপত্যকার গ্রাম-গঞ্জের দুটি লোক-ক্রীড়ার নাম লেখো।

(খ) কৃষির সঙ্গে সংযুক্ত দুটি উৎসবের নাম লেখো।

১৫। যে কোনো একটি প্রশ্নের উত্তর দাও :

৫

(ক) তোমার আশপাশের কোনো পঞ্চায়েতের সাফল্য অথবা ব্যর্থতা বা অনিয়ম বর্ণনা করে সংবাদপত্রে প্রকাশের জন্য একটি পত্র লেখো।

(খ) বাণিজ্য মেলায় প্রয়োজনীয়তা ও গুরুত্ব আলোচনা করো।

2019/TDC/ODD/SEM/
BNGAEC-101T/054

20J—12390/1087